ভোরের কাগজ

36

তারিখ ... ০৩.০৩.১৯৯৯
পৃষ্ঠা ৪ কলাম [illegible]

## শিক্ষাবোর্ড কর্তৃপক্ষ সমীপে

আমি আদমজি ক্যান্টনমেন্ট কলেজের একজন ছাত্র ছিলাম। হঠাৎ আমার পিতা মারা যাওয়ার কারণে আর্থিক অবস্থার দিক দিয়ে চাপ পড়ায় আমার আদমজি ক্যান্টনমেন্ট কলেজের মতো কলেজে খরচ দিয়ে পড়া অসম্ভব হয়ে পড়ে। শিক্ষাবোর্ডের আবেদন ফরমের নিয়ম অনুযায়ী আমি আবেদন ফরমের সঙ্গে ৬০০ টাকার ব্যাংক ড্রাফটসহ ছাড়পত্রের জন্য প্রয়োজনীয় কাগজপত্র জমা দেই। কাগজপত্র ও ব্যাংক ড্রাফট জমা দেওয়ার সময় বোর্ড কর্তৃপক্ষ বলেননি যে, বেসরকারি কোনো কলেজে ছাড়পত্রের মাধ্যমে যাওয়া যাবে না। এভাবে আমার মতো অনেক ছাত্রছাত্রী ফরম জমা দেয়। এখন বোর্ড বলছে, ছাড়পত্রের মাধ্যমে শুধু সরকারি কলেজে যাওয়া যাবে; বেসরকারি কোনো কলেজে যাওয়া যাবে না এবং ব্যাংক ড্রাফটের টাকা ফেরত দেওয়া হবে না। এভাবে অনেক ছাত্রছাত্রী ছাড়পত্রের নামে ঢাকা শিক্ষাবোর্ডে হয়রানি হচ্ছে।

তাই সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সমীপে এ ব্যাপারে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত অনুরোধ জানাই।

মোঃ খাইরুল সিকদার
গজারিয়া, মুন্সিগঞ্জ।